গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

'শেখ হাসিনার দর্শন,সব মানুষের উন্নয়ন''

স্মারক নং:- ৩৯.০০.০০০০.০৩৫.০২.০০২.২৪.২৩

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪ খ্রি:

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য আবেদন আহবান।**

২০২৪-২০২৫ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্য আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে "বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সাধারণ নীতিমালা, ২০১৯ (সংশোধিত)" অনুসারে দেশের বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের নিকট থেকে শুধুমাত্র অনলাইনের মাধ্যমে (https://grant.most.gov.bd/en/services/most/non-govt-institute) অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনপত্রে অনুদানের জন্য সর্বোচ্চ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত প্রস্তাব করা যাবে।

২। নীতিমালাসহ আবেদনপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। আবেদনের ক্ষেত্রে যে সকল শর্ত পালন করতে হবে:

ক. আর্থিক অনুদান প্রাপ্তির জন্য আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার (UNO)-এর প্রত্যয়ন নিতে হবে।
খ. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ বা নির্মাণ সামগ্রী ক্রয় করতে পারবে না;
গ. বাংলাদেশ সরকারের শিক্ষা বোর্ডসমূহের স্বীকৃতিপ্রাপ্ত (বিজ্ঞান বিভাগের) বিধিবদ্ধ সংস্থার রেজিস্ট্রেশন অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে;শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে;
ঘ. প্রতি অর্থবছরে নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;
ঙ. প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে এবং গঠনতন্ত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
চ. শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে;
ছ. শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশের যে কোন তপশিলি ব্যাংকে একটি চলতি অনলাইন হিসাব থাকতে হবে এবং মাসভিত্তিক গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফেকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র/অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
জ. শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অডিট রিপোর্টসহ বার্ষিক আয়-ব্যয় এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সরকারি অনুদানের বিবরণী দাখিল করতে হবে; এবং
ঝ. বিগত সময়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে কোন অনুদান পাওয়া গেলে উক্ত অনুদানের ব্যয়-বিবরণী দাখিল করতে হবে।

৪। প্রাপ্ত অনুদানের অর্থ ব্যবহারের শর্তাবলি:

ক. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ বা নির্মাণ সামগ্রী ক্রয় যাবে না;
খ. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্মকর্তা/কর্মচারীদর বেতন ভাতাদি/সম্মানি প্রদান বা অফিস পরিচালনার জন্য ব্যয় নির্বাহ করা যাবে না;
গ. অনুদানের অর্থ দ্বারা শুধু বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ক্রয় করা যাবে;
ঘ. অনুদানের অর্থ নির্দিষ্ট অর্থবছরের মধ্যে যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মঞ্জুরিকৃত সম্পূর্ণ অর্থ অথবা আংশিক অব্যয়িত অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে জমা প্রদানের রশিদ (ট্রেজারি রশিদের সনদপত্র-CTRসহ) মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
ঙ. এ অর্থ ব্যয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ উল্লিখিত যাবতীয় বিধি-বিধান ও নিয়মকানুন যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং
চ. এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট ক্রয় কমিটি গঠন করতে হবে।

৫। যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ১৮ জুলাই ২০২৪ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অনলাইনে সাবমিট করতে হবে। সংযুক্ত সকল কাগজপত্র ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নীতিমালার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৬। আবেদনের সঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি ও কাজগপত্র সংযুক্ত করা না হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে ।

৭। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে ।

২৬.০৫.২০২৪

ড. মো: মতিউর রহমান
উপসচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৫১৫৪৩৩
email: section35@most.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৩৯.০০.০০০০.০৩৫.০২.০০৭.১৯. ৯৫০

তারিখ : ১১ চৈত্র ১৪২৫ / ২৫ মার্চ ২০১৯

বিষয়: বেসরকারী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সাধারণ নীতিমালা-২০১৯ (সংশোধিত):

১। সংক্ষিপ্ত শিরোনামঃ [redacted] বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহের কর্মতৎপরতা আরো গতিশীল এবং বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের লক্ষ্যে সুনির্দিষ্ট নীতিমালার মাধ্যমে এদেরকে আর্থিক সহায়তা প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। এ নীতিমালা বিজ্ঞান বিষয়ে শিক্ষাদানকারী বেসরকারী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান এবং বিজ্ঞান ক্লাবসমূহে বার্ষিক অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা নামে অভিহিত হবে।

২.০। অনুদান প্রদানের শর্তাবলী:

আর্থিক অনুদান প্রাপ্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান ( বিজ্ঞান বিভাগের অনুমোদন প্রাপ্ত)/ বিজ্ঞান ক্লাবকে যে সকল শর্ত পালন করতে হবে:

২.১। বাংলাদেশ সরকারের শিক্ষা বোর্ডসমূহের স্বীকৃতিপ্রাপ্ত (বিজ্ঞান বিভাগের) বিধিবদ্ধসংস্থার রেজিষ্ট্রেশন, অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে।
২.২। আর্থিক অনুদান প্রাপ্তির জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) এর প্রত্যয়ন নিতে হবে।
২.৩। ক্লাব/শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে;
২.৪। প্রত্যেক ক্লাব/প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বছরের নিয়মিত প্রকাশনা, সম্মেলেন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;
২.৫। ক্লাব /প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে;
২.৬। গঠনতন্ত্র অনুযায়ী ক্লাব/ প্রতিষ্ঠানের নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
২.৭। ক্লাব/প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে;
২.৮। "আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে একটি হিসাব থাকতে হবে এবং মাসভিত্তিক গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র / অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
২.৯। অভ্যন্তরীণ অডিট রিপোর্টসহ বার্ষিক আয়-ব্যয়ের বিবরণী দাখিল করতে হবে;
২.১০। অন্যান্য উৎস হতে প্রাপ্ত সরকারী অনুদানের বিবরণ দাখিল করতে হবে;
২.১১। বিগত অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রাপ্ত অনুদানের ব্যয় বিবরণীও দাখিল করতে হবে।

৩.০। প্রাপ্ত অনুদান ব্যবহারের শর্তাবলীঃ

৩.১। অনুদান প্রদানের জন্য মনোনীত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞানক্লাব অনুদানের অর্থে কোন অবস্থাতেই সেই প্রতিষ্ঠানের কোনো ভৌত অবকাঠামো নির্মাণ করতে পারবে না বা অবকাঠামো নির্মাণে কোন সামগ্রী/সরঞ্জামাদি ক্রয় করতে পারবে না;
৩.২। অনুদানের অর্থ কোন অবস্থাতেই সেই প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি/সম্মানী প্রদান এবং অফিস পরিচালনার জন্য ব্যয় করতে পারবে না;

৩.৩। প্রাপ্ত অনুদান দ্বারা বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস /যন্ত্রপাতি ছাড়া অন্য কোন সরঞ্জামাদি ক্রয় করা যাবে না;

৩.৪। একজন অনুদান প্রস্তাবক নিজ নামে বা যুগ্মভাবে বা কোনো প্রতিষ্ঠানের নামে একটি আবেদনের বেশি প্রস্তাব দাখিল করতে পারবে না । এরূপ ক্ষেত্রে সকল আবেদন প্রস্তাবই বাতিল করা হবে। কোনো ব্যক্তি এই মন্ত্রণালয়ের অধীনে বিশেষ অনুদান কর্মসূচির আওতায় আবেদন করে থাকলে এ প্রকল্পে আবেদনের যোগ্য হবেন না;

৩.৫। এ মন্ত্রণালয় থেকে অনুদানপ্রাপ্ত কোনো আবেদনকারী চূড়ান্ত প্রতিবেদন দাখিল না করলে নতুন কোনো আবেদনের প্রস্তাব গ্রহণ করা হবে না;

৩.৬। প্রস্তাবিত অনুদানের জন্য এ ছক অনুসারে আবেদনপত্র পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে বর্ণিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

৩.৭। এ অর্থ ৩০ জুনের মধ্যে যথাযথভাবে খরচ করতে অসমর্থ হলে মঞ্জুরীকৃত অর্থ অথবা আংশিক অব্যয়িত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের কপি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।

৪.০। <u>আবেদন বাছাই ও অনুদান বরাদ্দ কমিটি:</u>

৪.১। আবেদন বাছাই ও অনুদান বরাদ্দের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে একটি কমিটি গঠিত হবে:

| | | |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব /যুগ্মসচিব বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | -সভাপতি |
| ২ | যুগ্মপ্রধান (উপ্রউ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | -সদস্য |
| ৩ | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-এর একজন পরিচালক পর্যায়ের মনোনিত প্রতিনিধি। | -সদস্য |
| ৪ | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ধানমন্ডি, ঢাকা-এর একজন পরিচালক পর্যায়ের মনোনিত প্রতিনিধি। | -সদস্য |
| ৫ | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাও, শেরে বাংলাগনর, ঢাকা-এর একজন পরিচালক পর্যায়ের মনোনিত প্রতিনিধি। | -সদস্য |
| ৬ | উপসচিব, অধিশাখা-০২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। | -সদস্য |
| ৭ | সিনিয়র সহকারী সচিব/উপসচিব, সংশ্লিষ্ট শাখা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৫.০। <u>অনুদান প্রদানের পদ্ধতি:</u>

৫.১। প্রতি অর্থ বছরের শুরুতে অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি ১ (এক) টি জাতীয় বাংলা দৈনিক এবং ১ (এক) টি জাতীয় ইংরেজী দৈনিক এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অন্তত ১ (এক) মাসের সময় দিয়ে আবেদন পত্র আহবান করা হবে। এছাড়াও জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসাদের বিজ্ঞপ্তির কপি প্রেরণ করতে হবে।

৫.২। প্রকাশিত বিজ্ঞপ্তির জবাবে আগ্রহী বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্ধারিত ছকে (সংলাগ-ক) আবেদন করবে;

৫.৩। অনুদান বরাদ্দ কমিটির সভায় অনুদানের জন্য বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব মনোনয়নের প্রদানের চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করবে।

৫.৪। বাংলদেশের অনগ্রসর এলাকাসমূহকে বিজ্ঞান বিষয়ে উৎসাহিত করার লক্ষ্যে এবং প্রত্যন্ত অঞ্চলে বিজ্ঞান সম্প্রসারণের স্বার্থ বিশেষভাবে বিবেচনা করে অনুদান প্রদান করা হবে। একই বিষয়ে একাধিক বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব আবেদন করলে অনুদান প্রাপ্তির জন্য নিম্নোক্ত ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে:

*যে সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব ইতিপূর্বে কোনো সরকারী অনুদান পায়নি সেই সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবকে;

*যে সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব এর কাজের পরিধি অধিক ও কাজের গুণগতমান সন্তোষজনক;

* যে সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব এর সদস্য সংখ্যা/কর্মকর্তা কর্মচারীর সংখ্যা অধিক;

৫.৫। কোন বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান /বিজ্ঞান ক্লাব এর অনুকূলে অনুদান বরাদ্দের ক্ষেত্রে এক অর্থ বছরে সর্বোচ্চ এক লক্ষ টাকা বরাদ্দ করা হবে:

৫.৬। কোন প্রতিষ্ঠান অনুদান প্রাপ্ত অর্থের সন্তোষজনক ব্যবহার প্রদর্শন করতে না পারলে, পরবর্তীতে সেই প্রতিষ্ঠান অনুদানের জন্য বিবেচিত হবে না;

৫.৭। প্রাপ্ত অনুদান দ্বারা বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রম/বিজ্ঞান বিষয়ক জার্ণাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী সম্পাদন শেষে প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৬.০। <u>অনুদান প্রাপ্ত বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহের কার্যক্রম পরিদর্শন:</u>

৬.১। অনুদানপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/ বিজ্ঞান ক্লাবসমূহের কার্যক্রম পর্যবেক্ষণের উদ্দেশ্যে পরিদর্শনের ব্যবস্থা থাকবে;

৬.২। পরিদর্শনের লক্ষ্যে মন্ত্রণালয় কিংবা মন্ত্রনালয়ের ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বেসরকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহ পরিদর্শন ও মূল্যায়ন করবেন;

৬.৩। মন্ত্রণালয় কিংবা মন্ত্রণালয়ের ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে পরিদর্শনে প্রেরণ করা সম্ভব না হলে সেক্ষেত্রে জেলা ও উপজেলা পর্যায়ের বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহ পরিদর্শন ও মূল্যায়ণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব প্রদান করা যাবে;

৬.৪। পরিদর্শন কর্মকর্তা মন্ত্রণালয়ের সচিব বরাবর পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন;

৬.৫। পরিদর্শন প্রতিবেদনের উপর ভিত্তি করে অনুদান বরাদ্দ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

২৩/৩/২০১৯

(মো: আনোয়ার হোসেন)
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়